



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-২৮০


তারিখ : ১৩-০১-২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে নিয়মিত অধ্যয়নরত মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের (মাদ্রাসা ব্যতীত) তথ্যাদি সংযুক্ত নির্ধারিত ছক অনুযায়ী তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ জি-টু-পি (E.F.T.)-এর আওতায় অনলাইনে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত ২০১৯ সাল বা পূর্ববর্তী বিভিন্ন সালের বিভিন্ন মেয়াদী বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের (মেধা ও সাধারণ) তথ্যাদি সংযুক্ত নির্ধারিত ছক (এক্সেল ফাইলটি) ডাউনলোড করে পূরণপূর্বক <https://forms.gle/tPamGsWWruopf7q7A> লিঙ্কে প্রবেশ করে আগামী ২০/০১/২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, প্রতিষ্ঠান প্রধানগণ বৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থীর তথ্য আপলোড করার ক্ষেত্রে শিক্ষার্থীরা নিয়মিত/ধারাবাহিকভাবে অধ্যয়নরত আছে কিনা বিষয়টি নিশ্চিত হয়ে প্রতিষ্ঠান প্রধানগণ তথ্য আপলোড/প্রেরণ করবেন। এ বিষয়ে কোন ধরনের ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধানগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। উল্লেখ্য অনলাইন ব্যাংক হিসাব নম্বর পূরণের ক্ষেত্রে অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের যদি কোন কারণে অধ্যয়ন/পাঠবিরতি হয়ে থাকে তাহলে এ অধিদপ্তরের আদেশ ব্যতীত উক্ত শিক্ষার্থীর তথ্য কোন ক্রমেই আপলোড/প্রেরণ করা যাবে না। উপরোক্ত পদ্ধতি ব্যতীত বৃত্তির অর্থ উত্তোলন/প্রেরণ করা সম্ভব হবে না। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি : নির্ধারিত তথ্য ছক ০১(এক) পাতা

  
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)  
মহাপরিচালক  
ফোন: ৯৫৫৩৫৪২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা
০৩. পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল).....  
(বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান-কে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. রেজিস্ট্রার, সাধারণ/মেডিকেল/ ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয় (সকল সরকারি/বেসরকারি).....
০৬. অধ্যক্ষ, মেডিকেল/ ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল সরকারি/ বেসরকারি) .....
০৭. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৮. উপপরিচালক (সাধারণ প্রশাসন/কলেজ/মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক/কলেজ ... .. সকল অঞ্চল)
১০. নির্বাহী পরিচালক এসপিএফএমএসপি প্রজেক্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ২৫, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
“জরুরি ভিত্তিতে আগামী ২০/০১/২০২০ তারিখের মধ্যে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) বর্তমানে নিয়মিত অধ্যয়নরত মেধা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি সংযুক্ত নির্ধারিত ছক অনুযায়ী প্রেরণ প্রসঙ্গে” শিরোনামে আদেশটি মাউশি’র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে এবং স্কলে প্রকাশের অনুরোধসহ)
১২. জেলা শিক্ষা অফিসার (সকল).....  
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান-কে অবহিতকরণের অনুরোধসহ)
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....  
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান-কে অবহিতকরণের অনুরোধসহ)
১৪. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান).....
১৫. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৬. সংরক্ষণ নথি

## বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য প্রেরণের নিয়মাবলী

বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীদের তথ্য বর্তমান প্রতিষ্ঠান প্রধানকে নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

১। প্রথমে এখানে ক্লিক করে সংযুক্ত ছক এক্সেল ফাইল ডাউনলোড করে বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীদের তথ্য এক্সেল ফাইলে ইংরেজিতে পূরণ করবেন। এক্সেল ফাইলের একটি সারি ( Row) - তে একজন শিক্ষার্থীর তথ্য দিবেন। এভাবে যতজন বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী আছে মোট ততগুলো সারি ( Row) পূরণ করে এক্সেল ফাইলটি প্রস্তুত করবেন।

এক্সেল ফাইলের কলামগুলির ব্যাখ্যা:

1. Category: Talent Pool/General
2. Last Exam Name: PEC/JSC/SSC/HSC (Write only the last passed exam)
3. Last Exam Year: Exam year of PEC/JSC/SSC/HSC (Write only one)
4. Board: In case of PEC write 'Primary'; In case of board exam write Name of Board
5. Registration No. (Last Exam): Student's Registration Number of last exam (PEC/JSC/SSC/HSC; Write only one)
6. Roll No (Last Exam): Student's Roll Number of last exam (PEC/JSC/SSC/HSC; Write only one)
7. Student Name
8. Class: Upto higher secondary write: 6/7/8/9/10/11/12;  
Above Higher Secondary write: 1st year/ 2nd year/ 3rd year/4th year/ 5th year
9. Birth Reg. No.: Student's Birth Reg. No
10. Father Name
11. Father NID
12. Mother Name
13. Mother NID
14. Guardian Name (If applicable): Name of Guardian if necessary
15. Guardian NID (If applicable): NID of Guardian if necessary
16. Student's Permanent Address
17. Division: Student's Permanent Division
18. District: Student's Permanent District
19. Upazila/Thana: Student's Permanent Upazila/Thana
20. Mobile No: Student's Contact No
21. Current Institution Name: Name of institute where the student is studying at present
22. Current Inst. EIIN: Provide EIIN of Institute, If any
23. Current Inst. Mobile
24. Passed Institution Name: Name of institute from where the student has passed last Board/PEC Exam
25. Passed Inst. EIIN: Provide EIIN of Institute, If any
26. Student's Account Number: Bank Account Number of the student
27. Bank Name: Name of the Bank
28. Bank Branch: Bank Branch Name

২। বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীদের তথ্য পূরণপূর্বক এক্সেল ফাইলটি নিম্নের লিঙ্কে প্রবেশ করে আপলোড করতে হবে:

<https://forms.gle/tPamGsWWruopf7q7A>

ফর্মটি ইংরেজিতে পূরণ করতে হবে। ফর্মের সকল তথ্য পূরণ করে বৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থীদের তথ্য সম্বলিত এক্সেল ফাইল আপলোড করার পর “**Submit**” বাটনে ক্লিক করে তথ্য প্রেরণ সম্পন্ন করুন। একটি প্রতিষ্ঠান কেবল একবার এবং একটি এক্সেল ফাইল প্রেরণ করুন।